শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়

স্মারক নং: আইইআর-২০২৬/পিজিডিএড(বিএড সমমান) ২৯তম ও এমএড-১০তম (বিজ্ঞপ্তি)/৯৭৭ তারিখ: ০৯/১১/২০২৬

পিজিডিএড (বিএড সমমান)-২৯তম ব্যাচ (সেশন: জানুয়ারি'২০২৭-ডিসেম্বর'২০২৭)
ও
এমএড (সান্ধ্যকালীন) ১০তম ব্যাচ (সেশন: জানুয়ারি'২০২৭-ডিসেম্বর'২০২৭)
প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে ১ বছর মেয়াদি (দুই সেমিস্টার) পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন এডুকেশন (পিজিডিএড) বিএড সমমান-২৯তম ব্যাচ (সেশন: জানুয়ারি'২০২৭-ডিসেম্বর'২০২৭) ও মাস্টার অব এডুকেশন (এমএড) ১০তম ব্যাচ (সেশন: জানুয়ারি'২০২৭-ডিসেম্বর'২০২৭) সান্ধ্যকালীন প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ভর্তির ন্যূনতম যোগ্যতা (পিজিডিএড) ঃ (১) প্রার্থীর স্নাতক (পাশ/সম্মান), এইচ.এস.সি ও এস.এস.সি পরীক্ষায় ২য় বিভাগ অথবা ন্যূনপক্ষে জিপিএ/সিজিপিএ ২.৫০ থাকতে হবে। (২) ও লেভেল এবং এ লেভেল পরীক্ষায় পাশ প্রার্থীর ন্যূনতম সি গ্রেড ও তিনটি বিষয় সম্পন্ন থাকতে হবে। (৩) স্নাতক (সম্মান) চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। (৪) **মাধ্যমিক অথবা উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৫ বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ১নং শর্তের যে কোন একটি পরীক্ষার শর্ত শিথিলযোগ্য।**

ভর্তির ন্যূনতম যোগ্যতা (এমএড)ঃ (১) পিজিডিএড/বিএড/সমমানের পরীক্ষায় ২য় শ্রেণী অথবা ন্যূনতম জিপিএ/সিজিপিএ ২.৫০ থাকতে হবে। (২) প্রার্থীর এইচ.এস.সি ও এস.এস.সি পরীক্ষায় ২য় বিভাগ অথবা ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে (২০০১, ২০০২, ২০০৩ সালের এস.এস.সি এবং ২০০৩ সালের এইচ.এস.সি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ প্রার্থীরাও আবেদন করতে পারবেন।) (৩) O-লেভেল এবং A লেভেল পরীক্ষায় পাশ প্রার্থীর ন্যূনতম C গ্রেড ও তিনটি বিষয় সম্পন্ন থাকতে হবে।

আবেদনপত্র সংগ্রহ ঃ পিজিডিএড (বিএড সমমান) ২৮তম ব্যাচ ও এম এড ১০তম ব্যাচ (সেশন: জানুয়ারি'২০২৭-ডিসেম্বর'২০২৭) সান্ধ্যকালীন প্রোগ্রামে ভর্তির জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অফিসে যথাক্রমে পিজিডিএড(বিএড সমমান)- টাকা: ১,০০০/- ও এম এড-১,০০০/- টাকা (অফেরৎযোগ্য) নগদ জমা দিয়ে আবেদনপত্র ০৯/১১/২০২৬ তারিখ সোমবার থেকে ২৫/১১/২০২৬ তারিখ বুধবার পর্যন্ত আবেদন সংগ্রহ করা যাবে।

আবেদনপত্র জমা ঃ প্রার্থীর দুই কপি সত্যায়িত ছবি, সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ পূরণকৃত আবেদনপত্র ২৬/১১/২০২৬ তারিখ বৃহস্পতিবার-এর মধ্যে অফিস চলাকালীন সময় জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ভর্তি পরীক্ষা ও ভাইভার সময়সূচি-অফিস নিজ দায়িত্বে জানাবেন।

আসন সংখ্যা : পিজিডিএড (বিএড সমমান): ৫০ টি, এমএড: ৫০টি (রবিবার থেকে মঙ্গলবার বিকাল-৪.০০ থেকে ৮.০০ পর্যন্ত)।

আকতার বানু
৭/১১/২৬

(প্রফেসর ড. আকতার বানু)
পরিচালক
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রয়োজনে ঃ ০২৫৮৮৮৬৪২১৭
মোবাইল নং- ০১৭৬১৭৩৮২৭৩